

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩১৫-আইন/আয়কর/২০১৯ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা কল্যাণ তহবিল এর নামে ব্যাংকে গচ্ছিত স্থায়ী ও সঞ্চয়ী আমানতের সুদ আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তে ৩ (তিন) বৎসরের জন্য অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্ত:

এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থায় কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, তাহাদের স্বামী বা স্ত্রী, সন্তান ও পিতা-মাতার চিকিৎসাসহ অপ্রত্যাশিত আর্থিক সংকট নিরসনের লক্ষ্যে ব্যবহার করিতে হইবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update  
www.kdroy.com.bd/www.itr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব